

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৩ সনের ৪৭ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর জন্য নিম্নবর্ণিত পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে আবেদনপত্র আহ্বান করা যাইতেছেঃ

ক্র. নং	পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
ক।	সহকারী অধ্যাপক হারবার এন্ড রিভার ইঞ্জিনিয়ারিং-০১ (গ্রেড-০৬, বেতনস্কেল-৩৫৫০০- ৬৭০১০/-)	(ক) শিক্ষাগত যোগ্যতা: কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে Harbour & River Engineering/ Coastal Engineering/ Water Resources Engineering/ Civil Engineering/ Ocean Engineering/ Offshore Engineering/ Naval Architecture & Marine Engineering বা সমমান বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। এমফিল/সমমান অথবা পিএইচডি ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। এসএসসি হইতে স্নাতকোত্তর ডিগ্রি পর্যন্ত ন্যূনতম তিনটি প্রথম শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড থাকিতে হইবে। সনাতন পদ্ধতিতে শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না। গ্রেডিং পদ্ধতিতে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০ এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে; (খ) অভিজ্ঞতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানে পূর্ণকালীন শিক্ষকতা/গবেষণা কাজে- ১) পিএইচডি ডিগ্রির ক্ষেত্রে - ১ বছরের অভিজ্ঞতা; ২) এমফিল/সমমান ডিগ্রির ক্ষেত্রে - ২ বছরের অভিজ্ঞতা; ৩) সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে - ৩ বছরের অভিজ্ঞতা; ৪) সরকারি/আধা-সরকারি/সায়ত্তশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে; ৫) স্বীকৃত বিদেশি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকতার অভিজ্ঞতা বিশেষ বিবেচনায় নেওয়া হবে। (গ) প্রকাশনা: ১) স্বীকৃত কোন জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যাহার মধ্যে প্রথম লেখক (First Author) হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে; (ঘ) সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ সামরিক বাহিনীর (অবঃ) কর্মকর্তাগণও আবেদন করিতে পারিবেন।

** জাতীয় বেতন-স্কেল ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

শর্তাবলী:

- ১। আগ্রহী প্রার্থীদের স্বহস্তে পূরণকৃত ০৭ (সাত) সেট আবেদনপত্র ২১ নভেম্বর ২০২১ তারিখ এর মধ্যে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ ঠিকানায় ডাকযোগে/সরাসরি অফিস সময়ের এর মধ্যে পৌছাইতে হইবে। আবেদন ফরমসমূহ এই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsrmu.edu.bd বা রেজিস্ট্রার অফিস হইতে সংগ্রহ করা যাইবে। প্রার্থীত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে। আবেদনপত্রের সহিত প্রার্থীর বর্তমান /যোগাযোগের ঠিকানা সহ ১০ টাকার ডাকটিকেট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।
- ২। সংশ্লিষ্ট বিষয় বলিতে যে বিষয়ে শিক্ষক নিয়োগ করা হইবে সেই বিষয়কে বুঝাইবে।
- ৩। বিএসএমআরএমইউ জেনারেল ফাউন্ডেশন-এর অনুকূলে যে কোন তফশিলি ব্যাংক হইতে ৮০০/০০ (আটশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে।
- ৪। প্রার্থীকে আবেদনপত্রের সহিত সদ্যতোলা ৫ সে.মি. x ৫ সে.মি. সাইজের ০৭ (সাত) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, প্রকাশনার অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হইতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমা প্রদান করিতে হইবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।
- ৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- ৬। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিষয় প্রার্থীর ইংরেজিতে পারদর্শিতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হইবে।

- ৭। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।
- ৮। প্রকাশনা বলিতে স্বীকৃত জার্নাল/বই এ প্রকাশিত গবেষণাধর্মী প্রবন্ধকে বুঝাইবে।
- ৯। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
- ১০। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম (৫নং মোহরা ওয়ার্ডের হামিদচর এলাকার মৌজা চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া, থানাঃ বন্দর, জেলাঃ চট্টগ্রাম)-
এ স্থানান্তরের প্রক্রিয়া চলমান এবং ২০২৪ সাল নাগাদ স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরিত হইবে।
- ১১। উপরোল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পাইতে পারে।



রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ